দৈনিক সংবাদ

তারিখ ... 11 OCT 1995 ...
পৃষ্ঠা: ৫ কলাম: ৭

# শরীয়তপুরে এইচএসসির খাতা কেলেংকারি ।। অধ্যক্ষ ও প্রভাষকের বিরুদ্ধে মামলা

শরীয়তপুর, ১০ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।– ভেদরগঞ্জ এম এ রেজা ডিগ্রি কলেজের প্রভাষক কর্তৃক অপর প্রভাষকের স্বাক্ষর জাল করে এইচএসসি পরীক্ষার খাতা দেখার অভিযোগে ওই কলেজের অধ্যক্ষ ও ইংরেজি বিভাগের প্রভাষক আবুল খায়ের মিয়ার বিরুদ্ধে পাবলিক পরীক্ষা অপরাধ আইনে সম্প্রতি একটি মামলা দায়ের করা হয়েছে।

চলতি বছর অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষক হিসেবে ভেদরগঞ্জ এম এ রেজা ডিগ্রি কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক বিকাশ চন্দ্র বিশ্বাসের নামে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট থেকে ৭শ' ৫০টি খাতা বরাদ্দ দেয়া হয়। খাতা বিকাশ চন্দ্র বিশ্বাসের নামে বরাদ্দ হলেও এ ব্যাপারে তিনি কোন খবর জানেন না বলে জানালে স্থানীয় জনৈক ব্যক্তি জামাল উদ্দিন ঢালী বাদী হয়ে শরীয়তপুর জেলার প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের কোর্টে ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা অপরাধ আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী উক্ত মামলাটি দায়ের করেন।